২১২

দৈনিক সংবাদ

তারিখ 14 DEC 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

### তিনটি কমিটির সুপারিশ প্রত্যাখ্যান

# এসএসসি-এইচএসসি পরীক্ষা হবে অভিন্ন প্রশ্নপত্রেই

সালাম জুবায়ের ।। তিনটি গুরুত্বপূর্ণ কমিটির সুপারিশ প্রত্যাখ্যান করে শিক্ষা মন্ত্রণালয় দেশের ৫টি শিক্ষা বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে নেয়ার সিদ্ধান্তই বহাল রেখেছে। তিনটি কমিটি পৃথকভাবে সুপারিশ করেছিল ভিন্ন ভিন্ন বোর্ডে ভিন্ন ভিন্ন প্রশ্নে পরীক্ষা নেয়ার। বেশ কিছু অভিজ্ঞ বিশেষজ্ঞ-কর্মকর্তারা দীর্ঘদিন ধরে আলাপ-আলোচনার পর যে রিপোর্ট-পরামর্শ দিয়েছেন তা মন্ত্রণালয়ের কাছে গ্রহণযোগ্য না হওয়ায় বোর্ডের কর্মকর্তারা হতাশ হয়েছেন।

গত ৭ই ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানদের এক বৈঠকে অভিন্ন প্রশ্নে পরীক্ষা হওয়ার সিদ্ধান্ত বহাল থাকার কথা জানিয়ে দেয়া হয়েছে।

একটি শিক্ষা বোর্ডের উর্ধ্বতন এক কর্মকর্তা জানিয়েছেন, প্রায় সবগুলো শিক্ষা বোর্ড থেকেই সুপারিশ করা হয়েছিল যে, অভিন্ন প্রশ্নপত্র পদ্ধতি বাদ দেয়া উচিত। এছাড়াও ৩টি কমিটি তাদের রিপোর্টে একই সুপারিশ করেছিল। জানা গেছে, অভিন্ন প্রশ্নপত্রে সবগুলো বোর্ডের পরীক্ষা হওয়ায় নানা ধরনের জটিলতা দেখা দেয়। এ জটিলতা নিরসন করা অনেক সময় বোর্ড কর্তৃপক্ষের পক্ষে সম্ভব হয় না; কিন্তু এ জন্য দুর্ভোগ পোহাতে হয় সারাদেশের পরীক্ষার্থীদের। যেসব কমিটি অভিন্ন প্রশ্ন বাদ দেয়ার সুপারিশ করেছিল তারা হলো- পরীক্ষার প্রশ্ন ফাঁস সম্পর্কে ২টি তদন্ত কমিটি এবং শিক্ষা বোর্ড সম্পর্কিত টাস্ক ফোর্স।